

কোথা সে মুসলমান  
কাজী নজরুল ইসলাম

আল্লাহতে যার পূর্ণ ঈমান, কোথা সে মুসলমান।  
কোথা সে আরিফ, অভেদ যাহার জীবন- মৃত্যু- জ্ঞান।।

যার মুখে শুনি তওহিদের কালাম  
ভয়ে মৃত্যুও করিত সালাম;  
যার দীন দীন রবে কাঁপিত দুনিয়া জ্বীন পরী ইনসান।।

স্ত্রী- পুত্রের আল্লারে সঁপি জেহাদে যে নির্ভীক  
সেহে কোরবানী দিত প্রান, হায়! আজ তারা মাগে বিখ।

কোথা সে শিক্ষা আল্লাহ ছাড়া  
ত্রিভুবনে ভয় করিত না যারা,  
আজাদ করিতে এসেছিল যারা সাথে ল'য়ে কোরান।।